কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

হলি ডে হোম বুকিং



দর্শনীয় ভ্রমণের জায়গা-
হোটেল :- তারাপীঠ, দিঘা ,পুরী ।
বাগান বাড়ি :- খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন "এই যুগ" অফিসে।
ফোন নং: 9062867921 ।

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746 PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]
HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 14 JANUARY 2026 ,WEDNESDAY | ১৪ জানুয়ারি ২০২৬ ,বুধবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-46

## বাংলাদেশী জেহাদিদের আক্রমণ আমদানি করছে ,কড়া ভাষায় তৃণমূলকে আক্রমণ শুভেন্দুর



গোপাল যাদব ,এই যুগ , পশ্চিম মেদিনীপুর ,১৩ জানুয়ারি : বাংলাদেশী জেহাদিদের আক্রমণ আমদানি করেছে তৃণমূল, বাংলাদেশে সংখ্যা লঘুদের জেহাদিরা যে ভাবে নৃশংস ভাবে আক্রমণ করছে,ঠিক একি ভাবে তৃণমূলের দুষ্কৃতীদের হাতে বিজেপি কর্মীরা আক্রান্ত হচ্ছে,এই ভাবে চন্দ্রকোণারোড প্রতিবাদ সভা থেকে তৃণমূল কে আক্রমন করলো বিরোধী নেতা শুভেন্দু অধিকারী।উল্লেখ্য গত শনিবার জনসভা করে ফেরার পথে চন্দ্রকোণা রোডে বিরোধী দলনেতার কনভয়ে আক্রমণের অভিযোগ উঠে তৃণমূলের বিরুদ্ধে, তারিই প্রতিবাদে বিজেপি ঝাড়গ্রাম সাংগঠনিক জেলার ডাকে শুক্রবার চন্দ্রকোণা রোডে ধিক্কার মিছিল ও পরিবর্তন সংকল্প সভার আয়োজন করা হয়। শালবনি বিধানসভার অন্তর্গত এই কর্মসূচিতে বিপুল সংখ্যক বিজেপি কর্মী ও সমর্থকরা যোগদান করে। রাজ্যের রাজনৈতিক হিংসা ও বিরোধীদের উপর একের পর এক হামলার ঘটনার তীব্র নিন্দা করা হয়। মিছিল শেষে আয়োজিত পরিবর্তন সংকল্প সভায় বক্তব্য রাখতে গিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী তৃণমূল কংগ্রেসকে কড়া ভাষায় আক্রমণ করেন। তিনি বলেন,"সেদিন তৃণমূল যদি হামলা না করত, তাহলে আজকে বিজেপির এই ক্ষমতা দেখতে পেত না। আজকের এই বিপুল জনসমাগমই প্রমাণ করে কত মানুষ আমাদের সঙ্গে রয়েছেন।"তিনি আরও বলেন, রাজ্যে বিরোধী কণ্ঠস্বর দমন করতে শাসকদল পরিকল্পিতভাবে সন্ত্রাসের পথ বেছে নিয়েছে। বিজেপি কর্মীদের উদ্দেশে শুভেন্দু অধিকারী বলেন,"আমি কর্মীদের বলেছিলাম, মিছিলের সঙ্গে ডান্ডাটাও আনবেন। কারণ নিজেদের রক্ষা আমাদেরই করতে হবে।"

## কোচবিহারে রণ সংকল্প সভা থেকে বিজেপিকে হারানোর আহবান জানান অভিষেকের



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ১৩ জানুয়ারি : কোচবিহারের ঘুঘুমারিতে আয়োজিত রণ সংকল্প সভা থেকে তৃণমূল কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারন সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আহবান জানান আসন্ন বিধানসভা নির্বাচনে কোচবিহার জেলায় বিজেপিকে নয় শুন্য করতে। মঙ্গলবার কোচবিহারে এসে প্রথমেই কোচবিহারের প্রাণের ঠাকুর মদন মোহন মন্দিরে পুজো দেন ও তারপর সভাস্থলে পৌঁছান অভিষেক বন্দ্যোপাধ্যায়। সভামঞ্চে তিনি উপস্থিত করেন কোচবিহার জেলার দশজন ভোটারকে যাদের এস আই আর তালিকায় মৃত ঘোষনা করে তাদের নাম কেটে দেওয়া হয়েছে নির্বাচক তালিকা থেকে। এদের দেখিয়ে অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেন বিজেপির এজেন্ট নির্বাচন কমিশন মানুষের ভোটাধিকার কেড়ে নিতে চাইছে। বাংলার মানুষের প্রাপ্য টাকা আটকে রেখে বাংলাকে বঞ্চিত করে চলেছে বিজেপি পরিচালিত ভারত সরকার। বিজেপি শাসিত রাজ্য গুলিতে বাংলা ভাষায় কথা বললেই তাদের বাংলাদেশী বলে তাড়ানো হচ্ছে বা অত্যাচার করা হচ্ছে। বাংলা বিরোধী এই বিজেপিকে আসন্ন বিধানসভা নির্বাচনে হারাতে হবে। এদিনের রণ সংকল্প সভায় উপস্থিত জন সমুদ্র লক্ষ্য করে অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেন সাধারন মানুষের উপস্থিতিই বুঝিয়ে দিচ্ছে বাংলার মানুষ বিজেপিকে চায়না।

## পানীয় জলের পাইপ ফেটে বিপত্তি, ৩০ ফুট উঁচুতে জলের ধারা



সুস্মিতা রায়, এই যুগ, জলপাইগুড়ি ,১৩ জানুয়ারি : শহরে হঠাৎই চরম বিপত্তি। পানীয় জলের প্রধান পাইপলাইন ফেটে বিকট আওয়াজের সঙ্গে প্রায় ৩০ ফুট উঁচুতে উঠে যায় জলের ধারা। ঘটনাটি ঘটে মঙ্গলবার সন্ধ্যা নাগাদ জলপাইগুড়ি শহরের আশালতা স্কুল সংলগ্ন এলাকায়।পাইপ ফেটে যাওয়ার ফলে মুহূর্তের মধ্যেই এলাকা জলমগ্ন হয়ে পড়ে। রাস্তার উপর দিয়ে প্রবল বেগে জল ছুটে আসায় যান চলাচল সম্পূর্ণ বন্ধ হয়ে যায়। স্থানীয় একাধিক দোকানে জল ঢুকে পড়ে, ফলে ব্যাপক সমস্যায় পড়েন ব্যবসায়ী ও পথচারীরা।খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছান পৌরসভার জল সরবরাহ দপ্তরের ইঞ্জিনিয়ার ও কর্মীরা। পরিস্থিতি সামাল দিতে জল সরবরাহ বন্ধ করে মেরামতির কাজ শুরু করা হয়। পাশাপাশি, কোতোয়ালি থানার পুলিশ ঘটনাস্থলে উপস্থিত থেকে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে এবং যান চলাচল স্বাভাবিক করতে উদ্যোগ নেয়।বর্তমানে শহরের ওই অংশে ঘুরপথে যানবাহন চলাচল করছে। হঠাৎ এই ঘটনার জেরে সাধারণ মানুষ চরম ভোগান্তির মুখে পড়েন।

## অবৈধভাবে করা গাঁজা চাষের বিরুদ্ধে অভিযান



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১৩ জানুয়ারি : আলিপুরদুয়ার জেলা পুলিশের শামুকতলা থানার পুলিশ মঙ্গলবার থানা এলাকার মাঝেরডাবরী গ্রাম পঞ্চায়েত এলাকায় অবৈধভাবে করা গাঁজা চাষের বিরুদ্ধে অভিযান চালায়। অভিযানে আইনগত পদ্ধতি মেনে পুলিশ গাঁজা গাছ গুলিকে ঘটনাস্থলেই ধ্বংস করে দেয়। পাশাপাশি এলাকাবাসীর কাছে পুলিশের পক্ষ থেকে আবেদন রাখা হয় মাদক বিরোধী অভিযানে এগিয়ে এসে সহায়তা প্রদানের জন্য। আলিপুরদুয়ার জেলাকে মাদক মুক্ত জেলা হিসাবে গড়ে তুলতে পুলিশের লাগাতার অভিযান চলছে বলে জানিয়েছে পুলিশ।

# আলিপুরদুয়ার ২ ব্লক প্রশাসনের বিরুদ্ধে টুইট করলেন অমিত মালব্য



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ জানুয়ারি : আলিপুরদুয়ার ২ ব্লক প্রশাসনের বিরুদ্ধে টুইট করলেন অমিত মালব্য দিল্লি থেকে। ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে আলিপুরদুয়ার জেলা জুড়ে। আলিপুরদুয়ার দুই ব্লকের E O এবং AERO বিরুদ্ধে নির্বাচন দপ্তরে অভিযোগ দায়ের করা হয়েছে এমনটাই জানা গেছে আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম বিধানসভার বিধায়ক মনোজ কুমার ওরাও এর কাছ থেকে মঙ্গলবার রাত সাড়ে আটটা নাগাদ। বিজেপি নেতৃত্বের কাছ থেকে জানা গেছে ৭ নং ফর্ম জমা জমা দিতে এসেছিলেন কুমারগ্রাম বিধানসভার একজন সহ বিজেপির বিভিন্ন নেতৃত্বরা কিন্তু নির্বাচন কমিশনের আলিপুরদুয়ার দুই ব্লকের আধিকারিকরা জমা নিতে অস্বীকার করেন। এমনটাই অভিযোগ করল কুমারগ্রামের বিজেপি বিধায়ক মনোজ কুমার ওরাঁও। অভিযোগ মঙ্গলবার বিকেল চারটা নাগাদ কুমারগ্রাম বিধানসভার আলিপুরদুয়ার দুই ব্লকে বিজেপি নেতৃত্ব ৫০ টির বেশি ৭ নং ফর্ম জমা করতে যায় কিন্তু দায়িত্বে থাকা আধিকারিকরা জমা নেয়নি। কুমারগ্রামের বিজেপি বিধায়ক মনোজ কুমার ওরাঁও এর অভিযোগ অবৈধ ভোটার যাতে থেকে যায় এজন্য বিডিও, ডিএম শাসকদলের ক্যাডার হয়ে কাজ করছে। এই বিষয়ে নির্বাচন কমিশনের কাছে অভিযোগ করা হয়েছে বলে জানান বিধায়ক মনোজ কুমার ওরাঁও। বিষয়টি নিয়ে দিল্লি থেকে বিজেপি নেতা অমিত মালব্য একটি টুইট করেন আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের বিরুদ্ধে।

# তাসাটি চা বাগানে হাতির তাণ্ডব



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ জানুয়ারি : ফালাকাটা ব্লকের তাসাটি চা বাগানে সোমবার গভীর রাতে হাতির তাণ্ডবে ব্যাপক ক্ষয়ক্ষতির ঘটনা ঘটেছে। জানা গিয়েছে, দলগাঁয়ের জঙ্গল থেকে বেরিয়ে দুটি বুনো হাতি গভীর রাতে তাসাটি চা বাগানের জেঙ্গা লাইন ও পানু লাইনে ঢুকে তাণ্ডব চালায়। স্থানীয় সূত্রে খবর, সোমবার রাত আনুমানিক সাড়ে এগারোটা নাগাদ প্রথমে জেঙ্গা লাইনে ঢুকে পড়ে হাতিরা।সেখানে চারটি শ্রমিক পরিবারের ঘর ভেঙে চুরমার করে দেয় তারা। এরপর পানু লাইনে গিয়ে আরও চারটি ঘর ভাঙচুর চালায়। ঘরবাড়ির পাশাপাশি আসবাবপত্র ভেঙে ফেলা হয় এবং মজুত খাদ্যদ্রব্যও সাবাড় করে দেয় হাতির গুলি।প্রায় এক ঘণ্টা ধরে চলা এই তাণ্ডবের পর হাতি গুলি ফের দলগাঁও জঙ্গলের দিকে ফিরে যায়। ঘটনায় কোনো প্রাণহানির খবর না মিললেও, গভীর রাতের এই হানার ঘটনায় চরম আতঙ্কের মধ্যে পড়েছেন শ্রমিক মহল্লার বাসিন্দারা। এ বিষয়ে বন দপ্তরের জলপাইগুড়ি ডিভিশনের দলগাঁও রেঞ্জের রেঞ্জ অফিসার ধনঞ্জয় রায় জানিয়েছেন, “ক্ষতিগ্রস্ত পরিবারগুলি নির্দিষ্ট ফর্মে আবেদন করলে সরকারি নিয়ম অনুযায়ী ক্ষতিপূরণ দেওয়া হবে।”

# অত্যাধুনিক হাসপাতালের শিলান্যাস হবে ফেব্রুয়ারি মাসে আলিপুরদুয়ারে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ জানুয়ারি : আগামী ফেব্রুয়ারি মাসে অত্যাধুনিক হাসপাতালের শিলান্যাস হবে আলিপুরদুয়ার জংশনে আলিপুরদুয়ারে সাংবাদিক বৈঠক করে এমনটাই জানিয়েছেন আলিপুরদুয়ারের সাংসদ মনোজ টিগ্গা মঙ্গলবার সন্ধ্যা ছয়টা নাগাদ । ভোটের অংকের কথা নয় সাধারণ মানুষের জন্য তৈরি হবে অত্যাধুনিক হাসপাতাল। সাংবাদিকদের মুখোমুখি হয়ে এমনটাই জানিয়েছেন সাংসদ মনোজ টিগ্গা। তিনি আরো জানিয়েছেন আলিপুরদুয়ার শহরের মাঝখান থেকে রেললাইন সরানো হবে। জনগণের মতামত নিয়েই রেললাইন সরানোর কাজ করা হবে। রেললাইন আলিপুরদুয়ার শহরকে দ্বিধাবিভক্ত করে দিয়েছে।কামাখ্যাগুড়ি এবং বীরপাড়া তে রেলওয়ে ওভারব্রিজ তৈরি করতে গিয়ে জমির সমস্যা রয়েছে। জমির সমস্যা মিটলেই ফ্লাইওভার তৈরি করা হবে। রাজ্য সরকার জমি অধিগ্রহণ করে দেয়নি যার ফলে এখনো ফ্লাইওভার তৈরি করা সম্ভব হচ্ছে না। এক সময় যেকোনো কাজের জন্য কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার অর্ধেক করে টাকা দিত। কিন্তু বর্তমান সময়ে কেন্দ্রীয় সরকার সমস্ত টাকা দিলেও রাজ্য সরকার এখনো জমি অধিগ্রহণ করে দেয়নি যার ফলেই আটকে রয়েছে দুটি ফ্লাই ওভারের কাজ।

# প্রশাসনিক মদতে ট্রাক্টর চালকদের দৌরাত্ম্যে গতিপথ পরিবর্তন হবে গদাধরের



মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ জানুয়ারি : আগামী বর্ষায় গদাধর নদীর গতিপথ পরিবর্তন হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে এমনটাই আশঙ্কা করছেন গ্রামবাসীরা। রাতের ঘুম উবে গেছে শামুকতলা থানা এলাকার বেশ কয়েকটি জায়গার বাসিন্দার। রাত দুইটা থেকে শুরু হয় বালি পাচার চলে সকাল আটটা থেকে নটা পর্যন্ত। নদীর গতিপথ পরিবর্তন হয়ে যাবে আগামী দিনে এমনটাই দেখা গেল শামুকতলা থানার টটপাড়া এক নম্বর গ্রাম পঞ্চায়েতের কয়াখাতা ডাবরী সংলগ্ন গদাধর নদীর ধুরধুরি বাঁধ এলাকায় সোমবার বিকেল চারটা নাগাদ। স্থানীয় বাসিন্দাদের কাছ থেকে জানা গেছে প্রতিদিন রাত দুইটা থেকে শুরু হয় ট্রাক্টর চালকদের দৌরাত্ম্য চলে সকাল আটটা থেকে নটা পর্যন্ত। ধুরধুরি বাঁধ এলাকায় প্রতিদিন ১০ থেকে ১৫ টি ট্রাক্টর বালি তোলার কাজ শুরু করে রাত দুইটা থেকে। সাধারণ বাসিন্দাদের কাছ থেকে জানা গেছে রাতের ঘুম উবে গেছে কয়াখাতা এলাকার বাসিন্দাদের। একটি মাত্র সিসি রোড সেই রাস্তা দিয়ে সকাল ন'টা পর্যন্ত চলা দুষ্কর ব্যাপার হয়ে দাঁড়ায় সাধারণ মানুষের। প্রশাসনিক কর্তাদের দৌলতে প্রতিনিয়ত শুধু কয়া খাতা এলাকা নয় টটপাড়া যশোডাঙ্গা খাটা জানি এলাকায় দাপিয়ে বেড়ায় ট্রাক্টর চালকরা। যদিও ট্রাক্টর চালকদের মাথায় প্রশাসনিক কর্তাদের হাত রয়েছে যার ফলে ই ট্রাক্টর চালকদের দ্বৌরাত্ম দিনের পর দিন বেড়েই চলেছে। এদিকে ট্রাক্টর চালকদের দাপটে সাধারণ মানুষের ঘুম নষ্ট হওয়ায় বিষয়টি নিয়ে দিদিকে বলোতে অভিযোগ করা হয়েছে এমনটাও শোনা যাচ্ছে আমজনতার কাছ থেকে। প্রতিরাতেই বালি চুরির ঘটনায় কুমারগ্রাম বিধানসভার বিধায়ক মনোজ কুমার ওরাও জানিয়েছেন প্রশাসনিক মদতেই চলছে এই বালুচুরি। এছাড়া ট্রাক্টর চালকদের প্রতিদিন মোটা অংকের টাকা গুনতে হয় প্রশাসনিক করতে তাদের ট্রাক্টর চালানোর জন্য। বিষয়টি নিয়ে তিনি মুখ্যমন্ত্রীকে লিখিত আকারে জানাবেন।

হলি ডে হোম বুকিং

দর্শনীয় ভ্রমণের জায়গা-

**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী।

**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।

বুকিং এর জন্য যোগাযোগ করুন

"**এই যুগ**" অফিসে।

ফোন নং: **9062867921**।



# কলকাতা থেকে গ্রেপ্তার মাদক কারবারের পান্ডা ,মাদক বিরোধী অভিযানে বড় সাফল্য মালদহ জেলা পুলিশের



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মালদহ, ১৩ জানুয়ারি : মালদহ জেলা পুলিশ মাদক বিরোধী অভিযানে কলকাতার এন্টালীর একটি আবাসন থেকে গ্রেপ্তার করলো মাদক কারবারের পান্ডাকে। মঙ্গলবার মালদহ জেলা পুলিশ সুপার অভিজিত ব্যানার্জী সাংবাদিক সম্মেলন করে এখবর দিয়ে জানান কলকাতার এন্টালী থেকে গ্রেপ্তার করা হয়েছে মাদক কারবারের পান্ডা মোহম্মদ এনারুল হক ওরফে মোহম্মদ এনারুল শেখ ও তার প্রধান সহযোগী মোহম্মদ সওকত শেখ ওরফে ভগলু কে। পুলিশ সুপার বলেন ৩৯.২৭২ কেজি ব্রাউন সুগার উদ্ধারের মামলায় এদের খোঁজা হচ্ছিলো। এনারুল মনিপুর ও অসম থেকে মাদক তৈরির কাঁচামাল মালদহের কালিয়াচক থানা এলাকায় নিয়ে আসতো এবং সেগুলি।কালিয়াচক ও আশপাশের এলাকার মাদক কারখানায় সরবরাহ করে ব্রাউন সুগার তৈরি করতো। তারপর বিহার সহ রাজ্যের বিভিন্ন এলাকায় তৈরি করা মাদক ব্রাউন সুগার সরবরাহ করতো। দীর্ঘদিন ধরেই সে এই কারবার চালাচ্ছিলো। মাদক কারবার চালানো ও রক্ষার জন্য সে একটি বন্দুকধারী গ্যাং তৈরি করে। কিছুদিন আগে অভিযান চালিয়ে পুলিশ এই গ্যাং এর কয়েকজনকে গ্রেপ্তার করে ও ছয়টি বন্দুক উদ্ধার করে। পুলিশ আরও জানতে পেরেছে এনারুল মাদক কারবারের পাশাপাশি জমি কেনা বেচা ও ঠিকাদারি ব্যবসা করতো। মাদক কারবারের টাকায় সে নামে বেনামে বাংলা ও বিহারে প্রচুর জমি জায়গা করেছে। তাকে জেরা করে বেশ কিছু প্রভাবশালী ব্যক্তির নাম পাওয়া গিয়েছে বলেও জানান পুলিশ সুপার। ধৃতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে আদালতে পেশ করা হবে ও পরবর্তী পর্যায়ের তদন্তের স্বার্থে ধৃতদের পুলিশ হেফাজতে নেবার আবেদন জানানো হবে। এনারুল এর গ্রেপ্তার মাদক বিরোধী অভিযানে বড়ো সাফল্য পুলিশের বলে জানান সুপার।

# এসআইআর এর কাজ করে বাড়ি ফেরার পথে দুর্ঘটনায় মৃত্যু মহিলা বিএলও কর্মীর




কনক অধিকারী ,এই যুগ, জলপাইগুড়ি ,১৩ জানুয়ারি : জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ি ব্লকের চেংমারী এলাকার বাসিন্দা পেশায় এস এস কে স্কুলের শিক্ষিকা,সুশীলা রায় (৪০)। অতিরিক্ত দায়িত্বে ছিল মহিলা বিএলও কর্মীর। স্কুল করে এসআইআর এর কাজে অঞ্চল অফিসে গিয়ে বাড়ি ফেরার পথে বাইক থেকে পড়ে যান ঘটনায় মাথাসহ শরীরের বিভিন্ন জায়গায় আঘাত পান তিনি এরপর পরিবারের লোকজন তাকে ময়নাগুড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে উন্নত চিকিৎসার জন্য জলপাইগুড়িতে পাঠানো হয়। পরিবারের লোকজন এটি বেসরকারি হাসপাতালে ভর্তি করায়।সেখানেই ৫ দিন জীবন যুদ্ধে লড়াইয়ের পর অবশেষে হার মানেন মহিলা বিএলও কর্মীর। অভিযোগ, এসআইআর সংক্রান্ত কাজের নিয়ে অঞ্চল অফিসে গিয়েছিলেন। মঙ্গলবার এই দুঃখজনক ঘটনায় খবর আসতেই শোকের ছায়া এলাকায়। মৃতার আত্মীয় পীযূষ রায়ের দাবি, "আমরা ব্লক প্রশাসনের কাছে বারবার অনুরোধ জানিয়েছিলাম সাহায্যের জন্য। কিন্তু একজন বিএলও হিসেবে তিনি কোনো বিশেষ সুবিধা পাননি। সরকারি কোনো তৎপরতা আমরা দেখতে পাইনি।" অবশেষে সোমবার সন্ধ্যায় হাসপাতালেই শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি।সহকর্মীদের মধ্যে এই ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক ক্ষোভ তৈরি হয়েছে। তবে সমস্ত অভিযোগ অস্বীকার করেছেন ময়নাগুড়ির বিডিও প্রসেনজিৎ কুণ্ডু। তিনি জানান, "আমরা ওই বিএলও-র পরিবারের সঙ্গে নিয়মিত যোগাযোগ রেখেছিলাম। জেলা স্তর থেকেও মেডিকেল কলেজ কর্তৃপক্ষকে বিষয়টি জানানো হয়েছিল। আমাদের পক্ষ থেকে সবরকম চেষ্টা করা হয়েছে।

# বাইসনের আঘাতে জখম ব্যক্তির চিকিৎসা চলছে আলিপুরদুয়ারে



মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ জানুয়ারি : বাইসনের আঘাতে জখম হলেন এক আদিবাসী ব্যক্তি । ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। গুরুতর জখম ব্যক্তিকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে আসা হয়েছে চিকিৎসার জন্য মঙ্গলবার রাত সাড়ে সাতটা নাগাদ। পশ্চিম সাঁতালি মেন্দাবাড়ী এলাকার বাসিন্দা যোগী ওঁরাও গরু দিতে গিয়েছিলেন সেখানেই তাকে বাইসন আক্রমণ করেছে। তার কোমর হাত পা ভেঙ্গে গেছে এমনটাই জানিয়েছেন তার ছেলে দশরথ ওরাও। এদিকে বৃদ্ধ কথা বলতে পারলেও নাড়াচাড়া করতে পারছেন না। জঙ্গল থেকে বাইসন বেরিয়ে এসে এই তান্ডব চালায়।

# সুটকেশকে ঘিরে বোমাতঙ্ক, শেষে সুটকেশ খুলে পাওয়া গেলো কাপড়



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১৩ জানুয়ারি : একটি সুটকেশকে ঘিরে মঙ্গলবার দুপুর থেকে বোমাতংক ছড়ায় শিলিগুড়ির ঘোগোমালি মেইন রোডে। সুটকেশটি কে দীর্ঘ সময় ধরে পড়ে থাকতে দেখে স্থানীয় বাসিন্দারা খবর দেন আশিঘর পুলিশ ফাঁড়িতে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ ও ঘটনাস্থলকে ঘিরে ফেলে। খবর দেওয়া হয় বোম স্কোয়াডে। বোম স্কোয়াডের কর্মীরাও ঘটনাস্থলে পৌঁছান। তাদের উপস্থিতিতে সুটকেশটি খুলে পাওয়া যায় কাপড়। জানা গেছে চন্দন সাহা নামে এক ব্যক্তি ঐ এলাকায় একটি বহুতলে দীর্ঘদিন ধরে বাস করতেন। এদিন তিনি বাড়ি বদল করে অন্যত্র চলে যাবার জন্য বাড়ির জিনিস পত্র নীচে নামিয়ে গেটের পাশে রাখেন ও একজন মিস্ত্রিকে সেই জিনিসপত্র নতুন বাড়িতে নিয়ে যাবার দায়িত্ব দেন। মিস্ত্রি ভুলে সুটকেশটি রেখে চলে যায়। পরে এলাকার এক মহিলা ফোনে চন্দন সাহাকে বিঢয়টি জানালে তিনি নিশ্চিত করেন যে সুটকেশটি তার। সুটকেশ থেকে কাপড় পাওয়ায় স্বস্তি ফেরে স্থানীয়দের মধ্যে।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL |
PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 |
CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |